

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি ফেস্টিভালে প্রথম রানার্স আপ



৩১ অক্টোবর, ২০১৮-বুধবার কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এর টিম GUDDI উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়ার সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হয়। এসময় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এর চেয়ারম্যান অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্য্য এবং প্রতিযোগিতায় অংশগ্রহনকারী টিমের মেন্টর ড. মোঃ মেজবাউল আলম পলাশ উপস্থিত ছিলেন।



উল্লেখ্য ঢাকা বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি (DUITS) কর্তৃক আয়োজিত ৫ম রবি আইটি ফেস্টিভালে (২৮-২৯ অক্টোবর) Apps in Life ক্যাটাগরিতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিভাগ এর GUDDI টিম প্রথম রানার্স আপ হয়। উক্ত টিমের দুইজন সদস্য হচ্ছে ৩য় ব্যাচের মেহেদী হাসান ও ৮ম ব্যাচের সুদীপ্ত কুমার মন্ডল এবং তাদের তৈরীকৃত অ্যাপটির নাম Editorial Word যা Google Play Store এ পাওয়া যাবে। এই অ্যাপটির মাধ্যমে ইংরেজি দৈনিক পত্রিকায় ব্যবহৃত গুরুত্বপূর্ণ শব্দের অর্থ ও অডিও উচ্চারণ, শব্দগুলোর উপর MCQ Exam ইত্যাদি কাজ করা যাবে।